# যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ২৮৮

১/ বিবিধ

আরবী

كان يأخذ من لحيته من عرضها وطولها

موضوع

أخرجه الترمذي (3 / 11) والعقيلي في " الضعفاء " (ص 288) وابن عدي (243 / 2) وأبو الشيخ في " أخلاق النبي صلى الله عليه وسلم " (306) من طريق عمر ابن هارون البلخي عن أسامة بن زيد عن عمرو بن شعيب عن أبيه عن جده مرفوعا وقال الترمذي: هذا حديث غريب، سمعت محمد بن إسماعيل يقول: عمر بن هارون مقارب الحديث لا أعرف له حديثا ليس له أصل أو قال: يتفرد به إلا هذا الحديث قلت: وفي ترجمته رواه العقيلي ثم قال: ولا يعرف إلا به، وقد روي عن النبي صلى الله عليه وسلم بأسانيد جياد أنه قال: " اعفوا اللحى، واحفوا الشوارب " وهذه الرواية أولى

وعمر هذا قال في " الميزان ": قال ابن معين: كذاب خبيث، وقال صالح جزرة كذاب، ثم ساق له هذا الحديث، لكن قال ابن عدي عقبه: وقد روى هذا عن أسامة غير عمر بن هارون، فلينظر فإنه خلاف ما قاله البخاري والعقيلي: إنه تفرد به عمر

বাংলা

২৮৮। তিনি তার দাড়িকে পার্শ্ব (প্রস্থ) এবং দৈর্ঘের শেষ প্রান্ত হতে কাট-ছাট করতেন।

হাদীসটি জাল।

এটি ইমাম তিরমিযী (৩/১১), উকায়লী “আয-যুয়াফা” গ্রন্থে (পৃঃ ২৮৮), ইবনু আদী (২/২৪৩) এবং আবুশ শাইখ “আখলাকুন নবী" গ্রন্থে (পৃঃ ৩০৬) উমার ইবনু হারূণ আল-বালখী সূত্রে উসামা ইবনু যায়েদ হতে বর্ণনা করেছেন।

তিরমিযী বলেনঃ এ হাদীসটি গারীব। আমি মুহাম্মাদ ইবনু ইসমাঈলকে বলতে শুনেছিঃ উমার ইবনু হারূন মুকারিবুল হাদীস। এ হাদীসটি ছাড়া তার এমন কোন হাদীস সম্পর্কে জানি না যেটির ভিত্তি নেই অথবা এ হাদীসটি ছাড়া তিনি এককভাবে বর্ণনা করেননি।

আমি (আলবানী) বলছিঃ তার জীবনীতে হাদীসটি উকায়লী বর্ণনা করে বলেছেনঃ তার মাধ্যম ছাড়া অন্য কোন মাধ্যমে এটিকে জানা যায় না।

এ উমার সম্পর্কে যাহাবী “আল-মীযান” গ্রন্থে বলেন, ইবনু মাঈন বলেছেনঃ তিনি মিথ্যুক, খবীস। সালেহ জাযারা বলেনঃ তিনি মিথ্যুক। অতঃপর এ হাদীসটি উল্লেখ করেছেন।

তবে ইবনু আদী বলেছেনঃ উমার ইবনু হারূণ ছাড়াও উসামা হতে হাদীসটি বর্ণিত হয়েছে। কিন্তু চিন্তা করে দেখুন, ইবনু আদীর এ কথাটি কিন্তু বুখারী এবং উকায়লীর কথার বিপক্ষে যাচ্ছে। কারণ তারা উভয়ে বলেছেন যে, উমার এককভাবে হাদীসটি বর্ণনা করেছেন।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=5548

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন